ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ (ডাকসু)

# ডাকসুর এক বছর

## কার্যক্রম ও জবাবদিহি প্রতিবেদন

# বছর জুড়ে ডাকসু


| | | | | |
|---|---|---|---|---|
| ০১ আবাসন | ০২ রিডিংরুম | ০৩ পরিবহন | ০৪ ডাকসু নির্বাচন | ০৫ স্কিল ডেভেলপমেন্ট |
| ০৬ নারী শিক্ষার্থী | ০৭ যৌন হয়রানি ও সাইবার বুলিং | ০৮ কমনরুম | ০৯ গবেষণা ও উচ্চশিক্ষা | ১০ স্বাস্থ্যসেবা |
| ১১ প্রকাশনা | ১২ বহিরাগত নিয়ন্ত্রণ | ১৩ ক্রীড়া | ১৪ খাদ্য ও ক্যাফেটেরিয়া | ১৫ গ্রিন ক্যাম্পাস |
| ১৬ শিখন পদ্ধতি | ১৭ রেজিস্ট্রার ভবনের সেবা | ১৮ ফ্যাসিবাদমুক্ত ক্যাম্পাস | ১৯ লাইব্রেরি | ২০ অ্যালামনাই নেটওয়ার্ক |
| ২১ উপাসনালয় সংস্কার | ২২ অন্তর্ভুক্তিমূলক ক্যাম্পাস | ২৩ কর্মচারী প্রশিক্ষণ | ২৪ আইনি সেবা | ২৫ বিজ্ঞান ও প্রযুক্তি |
| ২৬ হলভিত্তিক সমস্যা | ২৭ সাহিত্য ও সংস্কৃতি | ২৮ বিজয়ের মাস | ২৯ জুলাই বিপ্লব বার্ষিকী | ৩০ আন্তর্জাতিক মানবাধিকার |
| ৩১ হল সংসদ ও সংগঠন সমন্বয় | ৩২ ইতিহাস ও ঐতিহ্য | ৩৩ রাষ্ট্রদূত ও প্রতিনিধিদল | ৩৪ মন্ত্রণালয় ও করপোরেশন | ৩৫ জনঘনিষ্ঠ বিষয়ে কার্যক্রম |
| ৩৬ জাতীয় দিবস উদ্যাপন | ৩৭ সিনেট অধিবেশন | ৩৮ অন্যান্য | ৩৯ চীন সফর | ৪০ প্রশাসনের বাধায় আটকে থাকা কাজ |
| ৪১ সরকার পরিবর্তনের পর বাতিল ও বাধা | | | | |

# সংখ্যায় ডাকসুর এক বছর

## ২,৮৪১ কোটি

**টাকার হল প্রকল্প**

৫টি নতুন হল ও ১০টি হলে নতুন ভবন; ভিত্তিপ্রস্তর স্থাপন

## ১৯টি

**ইলেকট্রিক শাটল**

ক্যাম্পাসের ভেতরে যাতায়াতের জন্য

## প্রায় ৩ কোটি

**টাকা ব্যায়ে মেডিকেল সেন্টার আধুনিকায়ন**

TICA-র সহযোগিতায়

## ২০,৫০০ জন

**হেলথ ফেস্ট ৩৬০°- ও অন্যান্য হেলথ ক্যাম্পে সেবা গ্রহীতা**

দুই দিনের বিশেষায়িত স্বাস্থ্যসেবা

## প্রায় ৩.৫ কোটি

**টাকা ব্যায়ে সেন্ট্রাল মসজিদের আধুনিকায়ন**

## ১,১০০ জন

**ড্রাইভিং প্রশিক্ষণ**

১,০০০ জন মোটরসাইকেল, ১০০ জন কার

## ১২০+

**উচ্চ শিক্ষা ও স্কিল ডেভেলপমেন্ট প্রোগ্রাম**

## ৪০০+ জন

**শিক্ষার্থীকে আইনি সহায়তা**

পুলিশ ও আইনজীবীদের সঙ্গে যোগাযোগ করে

# স্বাস্থ্যসম্মত আবাসন নিশ্চিতের প্রচেষ্টা



## ২,৮৪১ কোটি টাকা

### ৫টি নতুন হল ও ১০টি হলে নতুন ভবন

প্রশাসন ও সরকারের সঙ্গে ধারাবাহিক কাজের ফলে প্রকল্পের ভিত্তিপ্রস্তর স্থাপন।



## ১,৫০০ আসন-২৪৪ কোটি

### ছাত্রীদের জন্য নতুন হল

চীনা রাষ্ট্রদূতের সঙ্গে দুই দফা আলোচনা। সব চুক্তি সম্পন্ন, কাজ শুরুর অপেক্ষা।

বাস্তবায়নের অপেক্ষায়




## ৩২ লক্ষ টাকা

### ছারপোকা নিধন ও পরিচ্ছন্নতা

হলে হলে ছারপোকা নিধন, মশক নিধন ও পরিচ্ছন্নতা কর্মসূচি। শিক্ষার্থীদের দীর্ঘদিনের কষ্ট অনেকটা কমেছে।

সম্পন্ন



## ৬.৫ কোটি টাকা

### ঝুঁকিপূর্ণ হল সংস্কারে বাজেট আদায়

ভিপির নেতৃত্বে আন্দোলনে সলিমুল্লাহ হলে ৬.৫ কোটি, মুহসীন হলে ৮১ লক্ষ, শহীদুল্লাহ হলে ২০ লক্ষ টাকা।

চলমান

# স্বাস্থ্যসম্মত আবাসন নিশ্চিতের প্রচেষ্টা

- ফজিলাতুন্নেছা ও কুয়েত মৈত্রী হলের জলাবদ্ধতা নিয়ে প্রশাসন, সিটি করপোরেশন ও বিজিবির সঙ্গে বৈঠক
- প্রথম বর্ষের আবাসন বৃত্তির জন্য যোগাযোগ; পূর্বাচলে সাময়িক আবাসনের জায়গা পরিদর্শন
- সিট বরাদ্দে অটোমেশন ও আবাসন বৃত্তিসহ ১২টি দাবি উপাচার্যের কাছে পেশ
- সিট সমস্যায় তিন দফা দাবি; ভিসি, প্রোভিসি, প্রক্টর ও প্রভোস্টদের সঙ্গে সাক্ষাৎ
- সিট বরাদ্দের সময়সীমা ঠিক করতে প্রভোস্টদের কাছে আবেদন; ভিসির সঙ্গে চতুর্থ দফা বৈঠক
- প্রথম বর্ষের আবাসন সংকটের সমাধান চেয়ে রেজিস্ট্রার ভবন ঘেরাও
- শহীদুল্লাহ হলের ১৫০৫ নং কক্ষে প্লাস্টার ধস: শিক্ষার্থীদের নিরাপদে সরানো ও দ্রুত সংস্কারের চেষ্টা
- সিট নীতিমালা ছাড়া হল দলীয় সংগঠনের হাতে তুলে দেওয়ার বিরুদ্ধে সংবাদ সম্মেলন
- হলপাড়ায় ফার্মেসি ও সাইকেল গ্যারেজের কাজ দ্রুত শুরুর দাবিতে এস্টেট ও অ্যাকাউন্টস অফিসে সাক্ষাৎ
- টানা বৃষ্টিতে তিন হলে জলাবদ্ধতা: পানি নিষ্কাশন, খাবার, পানি, জেনারেটর ও ভ্যানের ব্যবস্থা
- গণরুম ফেরানোর চেষ্টা ঠেকাতে ও সিট নীতিমালার দাবিতে সিন্ডিকেট সভা ঘেরাও
- আবাসন সংকট নিরসনে ভিসির কাছে তিন দফা দাবি
- আসন দখল ও গণরুম-গেস্টরুম বন্ধে আবাসিক সুবিধা নির্দিষ্ট সময়সীমায় আনার দাবি

# রিডিংরুম আধুনিকায়ন

## এসি দেওয়া হয়েছে — ১৩টি হল

- ফজিলাতুন্নেছা হল
- বাংলাদেশ-কুয়েত মৈত্রী হল
- শেখ মুজিবুর রহমান হল
- রোকেয়া হল
- ড. মুহম্মদ শহীদুল্লাহ্ হল
- ফজলুল হক মুসলিম হল
- শহীদ সার্জেন্ট জহুরুল হক হল
- সলিমুল্লাহ মুসলিম হল
- স্যার এ এফ রহমান হল
- বিজয় একাত্তর হল
- হাজী মুহম্মদ মুহসীন হল
- কবি জসীম উদ্‌দীন হল
- কবি সুফিয়া কামাল হল

## এসি দেওয়ার কাজ চলমান — ২টি হল

- জগন্নাথ হল
- শামসুন নাহার হল

## আরও যা করা হয়েছে

কুয়েত মৈত্রী, ফজিলাতুন্নেছা হল ও সুলতানা কামাল হোস্টেলের রিডিংরুম পরিদর্শন; সুফিয়া কামাল, রোকেয়া ও শামসুন নাহার হলে বৈদ্যুতিক লাইন সংস্কারের জন্য ভিসিকে স্মারকলিপি।

# পরিবহন ব্যবস্থার আধুনিকায়ন ও সেবার পরিসর বৃদ্ধি



### শনিবারের বাসের জন্য সিন্ডিকেট ঘেরাও

ইউজিসির বরাদ্দের পরও ট্রেজারার ট্রিপ আটকে দিলে ঘেরাও করে দাবি আদায়।

সম্পন্ন



### শনিবারের বাস ট্রিপ চালু

শিক্ষার্থীদের বহু বছরের স্বপ্ন পূরণ; উদ্বোধনের পর নিয়মিত চলছে।

সম্পন্ন



### সব রুটে প্রতিদিন সান্ধ্যকালীন ট্রিপ

রাতে নির্বিঘ্নে যাতায়াতের জন্য আরেকটি দীর্ঘদিনের দাবি পূরণ।

সম্পন্ন



### তিন ছাত্রী হলের জন্য নতুন বাস

সুফিয়া কামাল, কুয়েত মৈত্রী ও ফজিলাতুন্নেছা হলের জন্য স্পন্সরের মাধ্যমে বাস্তবায়ন।

সম্পন্ন



### ক্যাম্পাস-কুমিল্লা সাপ্তাহিক রুট

বহুল প্রত্যাশিত রুটে ট্রিপ উদ্বোধন; নিয়মিত চলাচল করছে।

সম্পন্ন



### ১৯টি ইলেকট্রিক শাটল

ক্যাম্পাসের ভেতরে যাতায়াত সহজ করতে।

সম্পন্ন

# পরিবহন ব্যবস্থার আধুনিকায়ন ও সেবার পরিসর বৃদ্ধি

- ডাকসুর প্রচেষ্টায় ইউজিসি থেকে পরিবহন খাতে সাড়ে চার কোটি টাকা বরাদ্দ
- বসন্ত রুটে মালিবাগ ফ্লাইওভার ব্যবহার করে যাতায়াতের সময় কমানো
- শ্রাবণ রুটে প্রতিদিন ২টি ট্রিপ বৃদ্ধি
- ক্ষণিকা রুটের ১৪টি বাসের এক্সপ্রেসওয়ে টোল ফ্রি
- তরঙ্গ রুটে বসিলা পর্যন্ত নতুন স্টপেজ, প্রতিদিন ২টি ট্রিপ বৃদ্ধি
- তরঙ্গ রুটে সিঙ্গেল ডেকারের বদলে ডাবল ডেকার
- সমাজকল্যাণ ও গবেষণা ইনস্টিটিউটে সকাল-দুপুর নিয়মিত বাস
- বাজেট থাকলেও সরকারি নিষেধাজ্ঞায় বাস কেনা যাচ্ছে না; অর্থ উপদেষ্টার কাছে আবেদন
- বাস ট্র্যাকিং অ্যাপের ট্রায়াল ও চালক প্রশিক্ষণ শেষ; প্রশাসনের অনুমতি মেলেনি
- বাসের ফিটনেস ও সংস্কারের নিয়মিত তদারকি
- ফিল্ড ট্রিপ, ইন্ডাস্ট্রিয়াল ভিজিট ও সংসদ অধিবেশন দেখতে বাস সেবা
- ভূমিকম্পের পর জরুরি হল ভ্যাকেন্টে বিভাগীয় শহরে বাস সেবা
- নিরাপদ বাস সেবা ও ডিপো ব্যবস্থাপনায় বিআরটিসির মহাপরিচালকের সঙ্গে বৈঠক
- বেগম খালেদা জিয়ার জানাজায় শিক্ষার্থীদের জন্য ১০টি বাসের বিশেষ ট্রিপ
- শহীদ শরিফ ওসমান হাদির জানাজায় ৮টি বাসের বিশেষ ট্রিপ
- ভিসি, প্রোভিসি ও পরিবহন ম্যানেজারের সঙ্গে নিয়মিত সমন্বয় ও ফলোআপ
- বিশ্ববিদ্যালয়ের স্পোর্টস টিমকে টুর্নামেন্টে বাস সেবা
- বাসরুটগুলোর জন্য বাসের নামসহ স্টিকার উপহার
- তিন রুটে পুরোনো বাস বদলে বিআরটিসির তুলনামূলক নতুন বাস
- রেজিস্টার্ড রিকশার সব প্রস্তুতি শেষ; নির্বাচনের পর নতুন সরকার প্রকল্প বাতিল করায় চালু হয়নি

# নিয়মিত ডাকসু নির্বাচন বাস্তবায়নে গৃহীত পদক্ষেপ

## প্রতিবছর ডাকসু নির্বাচন — একাডেমিক ক্যালেন্ডারে

বাস্তবায়নের অপেক্ষায়

শিক্ষার্থীদের নিয়মিত প্রতিনিধিত্ব নিশ্চিত করতে ডাকসু নির্বাচনকে একাডেমিক ক্যালেন্ডারের অংশ করার প্রস্তাব।

০১

### ডাকসুর কার্যনির্বাহী সভা

দ্বিতীয় কার্যনির্বাহী সভায় সর্বসম্মতিক্রমে রেজুলেশন আকারে প্রস্তাব পাশ

›

০২

### বিশ্ববিদ্যালয় প্রশাসন

রেজুলেশনটি বিশ্ববিদ্যালয় প্রশাসনের কাছে পাঠানো হয়

›

০৩

### সিন্ডিকেট

বিশ্ববিদ্যালয়ের সিন্ডিকেটে প্রস্তাবটি পাশ হয়েছে

›

০৪

### পরবর্তী ধাপ

সময়মতো পরবর্তী নির্বাচন আয়োজন — এটিই হবে বাস্তবায়নের প্রমাণ

# স্কিল ডেভেলপমেন্ট কার্যক্রম




## ১,১০০ জন

সম্পন্ন

### মোটরসাইকেল ও কার চালনা প্রশিক্ষণ

লাইফ স্কিলের অংশ হিসেবে ১,০০০ জনকে মোটরসাইকেল, ১০০ জনকে কার।




## ২,৫০০ জন

সম্পন্ন

### হলভিত্তিক ফার্স্ট এইড বুট ক্যাম্প

বিভিন্ন হলে প্রাথমিক চিকিৎসার হাতে-কলমে প্রশিক্ষণ।




## ৪০০+ জন

সম্পন্ন

### ফ্রি ইংলিশ স্পোকেন কোর্স

ইংলিশ থেরাপির সঙ্গে ৮টি ব্যাচ; শেষে গ্র্যান্ড রিসিপশন।




### Let's Start Bangladesh

তরুণ উদ্যোক্তাদের জন্য স্টার্টআপ সামিট।

সম্পন্ন




## ১,০০০+ জন

সম্পন্ন

### সিনো-বাংলা ডে ২০২৬ জব ফেয়ার

চীনা প্রতিষ্ঠানগুলোর অংশগ্রহণে চাকরি মেলা।

## আরও ২৮+টি

# স্কিল ডেভেলপমেন্টে সহায়ক কার্যক্রম

## দক্ষতা উন্নয়নের সুযোগ শিক্ষার্থীদের দোরগোড়ায় পৌঁছাতে হলে হলে কম্পিউটার ল্যাব

### ৩ উদ্বোধন হয়েছে

- শেখ মুজিবুর রহমান হল
- কবি জসীম উদ্‌দীন হল
- মাস্টারদা সূর্য সেন হল

*অন্যান্য হলে ল্যাব স্থাপনের চেষ্টা চলমান।*

### ৮ প্রক্রিয়া প্রায় শেষ

- অমর একুশে হল
- ফজলুল হক মুসলিম হল
- ড. মুহম্মদ শহীদুল্লাহ্ হল
- সলিমুল্লাহ মুসলিম হল
- শহীদ সার্জেন্ট জহুরুল হক হল
- স্যার এ এফ রহমান হল
- হাজী মুহম্মদ মুহসীন হল
- বিজয় একাত্তর হল



# শিক্ষার্থীদের স্কিল ডেভেলপমেন্টে সহায়ক কার্যক্রম

- Empower U Journey সফট স্কিল প্রশিক্ষণ
- ৪টি হলে প্রেজেন্টেশন ওয়ার্কশপ
- Thriving Skills-এর সঙ্গে Bangladesh Skills Summit
- হলে আইটি ও ক্যারিয়ার ল্যাব নিয়ে সরকারি দপ্তরে বৈঠক
- টিএসসিতে নাগরিক সেবা কেন্দ্র (ওয়ান স্টপ সার্ভিস)
- ফায়ার সার্ভিসের তত্ত্বাবধানে দুই দিনের অগ্নিনির্বাপণ, উদ্ধার ও ভূমিকম্প প্রশিক্ষণ
- এটুআই ও আইসিটি বিভাগের সঙ্গে সমঝোতা স্মারক (MoU) স্বাক্ষর
- ২০০+ শিক্ষার্থী নিয়ে চীনা ভাষা কোর্সের ওরিয়েন্টেশন
- সিভি ইঞ্জিনিয়ারিং মাস্টারক্লাস
- TechVerse-এর সঙ্গে AI Agent ও অটোমেশন সেমিনার
- ইনস্টিটিউট ও হলে প্রেজেন্টেশন স্কিল ওয়ার্কশপ
- ফায়ার সার্ভিসের তত্ত্বাবধানে শিক্ষার্থীদের প্রশিক্ষণ
- স্কিল জবসের সঙ্গে Youth Employability Summit
- ইবনে সিনায় ৫০ শিক্ষার্থীর ইন্ডাস্ট্রিয়াল ট্যুর
- ৩০০+ শিক্ষার্থীর সাইবার সিকিউরিটি ওয়ার্কশপ
- বিজেমের সঙ্গে টিভি রিপোর্টিং ক্যারিয়ার সেমিনার
- ক্রিয়েটিভ আইটির ৫ দিনের ফ্রি ট্রেনিং; ২২০ জনকে সনদ
- স্যার এ এফ রহমান হলে লেখালেখি কর্মশালা
- সুফিয়া কামাল হলে সিভি রাইটিং কর্মশালা
- রোকেয়া হলে সিভি রাইটিং সেমিনার
- ৩০ জন EEE-CSE শিক্ষার্থীর স্যাটেলাইট গ্রাউন্ড স্টেশন পরিদর্শন
- প্রায় ৭৫০ জনের লেখালেখি ও নাট্য কর্মশালার সমাপনী
- ২০০+ শিক্ষার্থীর ফ্রি IELTS কোর্স (চলমান)
- BBV-র সঙ্গে প্রায় ২৫০ জনের ৯০ দিনের Job Ready Bootcamp
- আন্তর্জাতিক সংস্থায় ক্যারিয়ার বিষয়ে সেমিনার
- রমজানে ছাত্রীদের জন্য ফ্রি কুরআন শিক্ষা কোর্স
- ক্যারিয়ার ২০৩০ সেমিনার
- ক্রিয়েটিভ আইটিতে ২০২৭ পর্যন্ত কোর্সে ৪৫% ছাড়ের চুক্তি

# হল, পরিবহন ও ক্যাম্পাসে নারী শিক্ষার্থীদের নিরাপত্তা ও প্রয়োজনীয় সুবিধা নিশ্চিতকরণ

### মাতৃত্বকালীন ছুটি ও উপস্থিতি শিথিল

ডাকসুর সর্বসম্মত প্রস্তাব সিন্ডিকেটে পাশ হয়েছে।

বাস্তবায়নের অপেক্ষায়

### ১০,০০০ স্যানিটারি ন্যাপকিন

৫টি ছাত্রী হলে বিনামূল্যে বিতরণ সম্পন্ন।

সম্পন্ন

### ছাত্রীদের জিমনেসিয়াম

৬৫ লক্ষ টাকায় আধুনিকায়ন; দ্রুত উদ্বোধনের দাবিতে প্রোভিসির সঙ্গে বৈঠক।

আটকে আছে

### হলে প্রবেশের নিয়ম সহজ করা

আইডি কার্ড দেখিয়ে অনাবাসিক ছাত্রীদের প্রবেশ নিয়ে বৈঠক; কাজ চলমান।

চলমান

### ব্রেস্টফিডিং রুম ও ডে কেয়ারের বাজেট

মন্ত্রণালয়ের সঙ্গে বৈঠক করে বাজেট বরাদ্দ আনা হয়েছে।

সম্পন্ন

### ডে কেয়ার সেন্টারের জায়গা বরাদ্দ

কাজী মোতাহার হোসেন ভবনে স্থান দিয়েছে প্রশাসন; কাজ চলমান।

চলমান

# হল, পরিবহন ও ক্যাম্পাসে নারী শিক্ষার্থীদের নিরাপত্তা ও প্রয়োজনীয় সুবিধা নিশ্চিতকরণ

- সব ছাত্রী হল ক্যাম্পাস শাটলের আওতায়
- আকিজ গ্রুপের সহায়তায় দূরবর্তী ছাত্রী হলের জন্য আধুনিক বাস
- ৭ দিনের ৬টি সেলফ ডিফেন্স প্রশিক্ষণ: আইলেট, রোকেয়া, শামসুন নাহার, সুফিয়া কামাল, কুয়েত মৈত্রী ও ফজিলাতুন্নেছা হল
- প্রক্টরিয়াল টিমে নারী সদস্য নিয়োগের কাজ চলছে বলে জানিয়েছে প্রশাসন
- রোকেয়া হলের পাশের যাত্রীছাউনি সরানো ও অন্যগুলো সংস্কারে ডিএসসিসির সঙ্গে বৈঠক
- ছাত্রী হলের ভোগান্তি কমাতে ভিসির সঙ্গে ফলোআপ বৈঠক
- ডিজিটাল এন্ট্রি-এক্সিট গেট: স্পন্সর জোগাড় করা হয়েছে, প্রশাসনের উদ্যোগের অপেক্ষা
- ছাত্রী হলের সময়সীমা ও ব্যবস্থাপনা সংস্কারে ৮ দফা দাবি
- ছাত্রী হলে প্রবেশের সময়সীমা ১ ঘণ্টা বাড়িয়েছে প্রশাসন

# যৌন হয়রানি ও সাইবার বুলিং প্রতিরোধ



## দুই দফা

**ডিএমপি কমিশনারের সঙ্গে সাক্ষাৎ**

যৌন হয়রানি ও সাইবার বুলিং প্রতিরোধে সরকারি পদক্ষেপ ও সামাজিক প্রতিরোধের পরিবেশ তৈরির দাবি জানিয়ে করণীয় প্রস্তাব।

প্রস্তাব / দাবি

অন্যান্য কার্যক্রম

- যৌন হয়রানি ও সাইবার বুলিংয়ের শিকার শতাধিক শিক্ষার্থীকে সরাসরি আইনি সহায়তা
- শাহবাগ থানায় এ-সংক্রান্ত ডেস্কের সেবা বাড়ানোর চেষ্টা চলমান
- তদন্ত কমিটি এবং অ্যান্টি-বুলিং অ্যান্ড র‍্যাগিং কমিটি গঠন
- 'Countering Gender Based Online Hate Speech in Bangladesh' গোলটেবিল বৈঠক

# কমনরুম আধুনিকায়ন ও প্রয়োজনীয় সুযোগ-সুবিধা বৃদ্ধি



## ২.৫ লক্ষ+ টাকা

**কলাভবন কমনরুম সংস্কার ও উদ্বোধন**

আড়াই লক্ষাধিক টাকা ব্যয়ে সংস্কারকাজ শেষ করে কমনরুমটি শিক্ষার্থীদের জন্য খুলে দেওয়া হয়েছে।

সম্পন্ন

### অন্যান্য কার্যক্রম

- কার্জন হলের দ্বিতীয় তলা ও সমাজকল্যাণ ইনস্টিটিউটের কমনরুম সংস্কার সম্পন্ন
- কলাভবন কমনরুমের নিচতলা ও চারতলায় ব্রেস্টফিডিং ও পর্দা কর্নার
- টিএসসি ক্যাফেটেরিয়ায় ফিমেল জোন
- আইলেটের কমনরুম সংস্কার শুরু
- প্রতিটি বিভাগের ওয়াশজোনে সাবান-টিস্যু নিশ্চিতে ভিসি ও প্রোভিসির কাছে আবেদন
- টিএসসির ওয়াশজোন সংস্কারে একাধিকবার পরিদর্শন ও ফলোআপ

# গবেষণা ও উচ্চশিক্ষায় উদ্বুদ্ধকরণ ও সহযোগিতামূলক কার্যক্রম

### Introduction to Research

দুই দিনের গবেষণা কর্মশালা।

সম্পন্ন

### রিসার্চ প্রপোজাল কর্মশালা

প্রস্তাবনা লেখার প্রশিক্ষণমূলক ওয়ার্কশপ।

সম্পন্ন

### From DU to Oxford

উচ্চশিক্ষার অভিজ্ঞতা নিয়ে ইন্টারঅ্যাকটিভ সেশন।

সম্পন্ন

### Beyond Borders: USA

সামাজিক বিজ্ঞান ও কলার শিক্ষার্থীদের জন্য স্কলারশিপ ওয়ার্কশপ।

সম্পন্ন

### Education EXPO-২০২৬

এডুম্যাক্সের সঙ্গে দুই দিনের আন্তর্জাতিক শিক্ষামেলা।

সম্পন্ন

### Erasmus Mundus Fest

স্কলারশিপ নিয়ে বিশেষ আয়োজন।

সম্পন্ন

### CARS-এ গবেষণা যন্ত্র

SEM, NMR ও ICP-MS-এর জন্য মন্ত্রণালয় ও ইউজিসিতে আবেদন।

প্রস্তাব / দাবি

### আরও ২৮+টি

সেমিনার & সেশন— পরের স্লাইডে।

# গবেষণা ও উচ্চশিক্ষায় উদ্বুদ্ধকরণ ও সহযোগিতামূলক কার্যক্রম

- Higher Studies & Scholarship সেমিনার
- Higher Studies in China সেমিনার
- বিষয়ভিত্তিক প্রকাশনার লেখা বাছাই চলছে
- CARS আধুনিকায়নে প্রশাসন ও স্পন্সরের সঙ্গে যোগাযোগ
- Research Fundamentals কর্মশালা
- Graduate Studies in Türkiye সেশন
- বিজ্ঞান অনুষদে ক্যারিয়ার ২০৩০ সেমিনার
- স্কলারশিপ ও রিসার্চ ফান্ডিং সেমিনার
- তুরস্ক স্কলারশিপ সেমিনার
- Erasmus Mundus স্কলারশিপ সেমিনার
- শীর্ষস্থানীয় বেসরকারি বিশ্ববিদ্যালয়ের কার্যক্রম পরিদর্শন
- ডাকসু সায়েন্স রিভিউতে লেখা আহ্বান
- ব্যবসায় শিক্ষা অনুষদে উচ্চশিক্ষা সিরিজ সেমিনার
- Study Life in USA সেশন
- গবেষণা প্রকাশনা ও উচ্চশিক্ষার গুরুত্ব নিয়ে সেমিনার
- এডুম্যাক্সের সঙ্গে Study in UK সেমিনার
- From Campus to Global Opportunities সেমিনার
- Study in Türkiye সেশন
- অমর একুশে হলে Study Abroad Workshop (প্রথম পর্ব)
- স্টাডি ইন তুর্কিয়ে অনলাইন সেশন
- Global Career Opportunities সেমিনার
- টিএসসিতে International Education Seminar
- IQAC Student Research Conference-এ সহযোগিতা
- IIFBC ২০২৬ সম্মেলনে পার্টনারশিপ
- BUAA-র উদ্যোগে যৌথ AI গবেষণাগারের প্রস্তাব
- BCSIR ও AECD-তে টেস্টে ৮০% ছাড়ের আবেদন
- FAB LAB ও ডেটা সেন্টারের আবেদন
- MATLAB, SPSS, Coursera, Udemy ও জার্নাল অ্যাক্সেসের আবেদন

# মেডিকেল সেন্টার আধুনিকীকরণ ও মানসিক স্বাস্থ্যসহ স্বাস্থ্যসেবায় পরিচালিত কার্যক্রম




## প্রায় ৩ কোটি টাকা

### শহিদ ডা. মোর্তজা মেডিকেল সেন্টার

TICA-র সহযোগিতায় অ্যাম্বুলেন্স, ১০টি এসি, এক্স-রে, ইসিজি, অ্যানালাইজার, মাইক্রোস্কোপ ও বেড; পুরো সংস্কার শেষে উদ্বোধন।

সম্পন্ন


28 Jun 2026, Sunday

DUCSU to Launch Monthly Medical Camp Series

The Dhaka University Central Students' Union (DUCSU) will organise a Medical Camp Series, with one camp to be held every month. The first camp is scheduled to take place on Thursday, 25 September 2025.

Venue: Jagannath Hall and Shamsunnahar Hall
Time: 10:00 AM – 4:00 PM

The medical camp will offer the following services:

Specialist consultations in Medicine, Gynaecology, and Dermatology.
Free medicines in prescribed doses according to physicians' prescriptions.

## প্রায় ৩,০০০ জন

### ২টি মেডিকেল ক্যাম্প

ইসলামী ব্যাংক হাসপাতালের সহযোগিতায় শিক্ষার্থীরা সেবা পেয়েছেন।

সম্পন্ন




## প্রায় ২,১০০ ছাত্রী

### টিটেনাস, HPV ও টাইফয়েড টিকা

ডিএসসিসির সহযোগিতায় তিনটি হলে টিকাদান কর্মসূচি।

সম্পন্ন




## ৬,৫০০ জন

### Free Specialized Health Fest ৩৬০°

ন্যাশনাল ডক্টরস ফোরামের সহযোগিতায় দুই দিনের বিশেষায়িত স্বাস্থ্যসেবা।

সম্পন্ন

# মেডিকেল সেন্টার আধুনিকীকরণ ও মানসিক স্বাস্থ্যসহ স্বাস্থ্যসেবা শিক্ষার্থীদের দোরগোড়ায় পৌঁছে দিতে পরিচালিত কার্যক্রম

- মেডিকেল সেন্টারে চিকিৎসকদের নিয়মিত উপস্থিতি তদারকি
- হলপাড়ায় ফার্মেসির স্থান চূড়ান্ত
- BSTI-র সঙ্গে ক্যাম্পাসের খাবার পানির বিশুদ্ধতা যাচাই
- সহস্রাধিক শিক্ষার্থীর ব্রেস্ট ক্যানসার সচেতনতা সেমিনার
- বারডেমে শিক্ষার্থী ও পরিবারের জন্য স্বল্প খরচে ব্রেস্ট ক্যানসার চেকআপ
- সরকারি-বেসরকারি হাসপাতালের সঙ্গে চিকিৎসা সুবিধা নিয়ে বৈঠক
- আমেরিকান ওয়েলনেস সেন্টারের সঙ্গে ৫০% ছাড়ের MoU
- সোচ্চারের সঙ্গে Serenity Session: Breathe & Bloom
- ৩০০+ শিক্ষার্থীর Mind Bridge কাউন্সেলিং কর্মশালা
- পানির সমস্যায় অসুস্থ কুয়েত মৈত্রী হলের ছাত্রীদের জরুরি চিকিৎসা সহায়তা
- মগবাজারে ক্ষণিকা বাস দুর্ঘটনায় আহতদের তাৎক্ষণিক চিকিৎসা

# বিষয়ভিত্তিক সাহিত্য, সাময়িকী ও বই প্রকাশ




### আভাস

ডাকসু সাহিত্য পত্রিকা, ২০২৫, সংখ্যা ০১




### প্রকাশ

ডাকসু সাহিত্য পত্রিকা, ২০২৫, সংখ্যা ০২



### জনতার নয়া রাজনীতির আকাঙ্ক্ষা

৭ নভেম্বর বিপ্লব ও সংহতি দিবস স্মরণে



### বহুমাত্রিক

অবাঙালি মাতৃভাষার স্মারক গ্রন্থ, ২০২৬



### গেস্টরুম-গণরুম

নির্যাতনের দাগ ও খতিয়ান



### বারুদমাখা কথামালা

শহীদ শরিফ ওসমান হাদির বক্তব্য সংকলন



### ইশারাত মনজিল

নবাব সলিমুল্লাহ স্মারক গ্রন্থ, ২০২৬

**+৩৩টি**

# বিষয়ভিত্তিক সাহিত্য, সাময়িকী ও বই প্রকাশ

- তিতুমীরের বাঁশেরকেল্লা থেকে জুলাইয়ের নিরস্ত্র জনতার প্রতিরোধ (স্মারকগ্রন্থ)
- ভারতীয় আধিপত্যবাদের কাঁটাতারে ঝুলে থাকা শহিদ ফেলানী
- অধ্যাপক মুনীর চৌধুরীর বুদ্ধিবৃত্তিক উত্তরাধিকার (শহীদ বুদ্ধিজীবী দিবস স্মারক)
- কবি ফররুখ আহমদ: পাঠ ও প্রাসঙ্গিকতা
- ২৮ অক্টোবর প্রেক্ষিত: লগি-বৈঠার লাশতন্ত্র থেকে আওয়ামী ফ্যাসিবাদের উত্থান
- ভারতীয় আধিপত্যবাদ ও বাংলাদেশের সার্বভৌমত্ব: স্মরণে শহীদ আবরার ফাহাদ
- প্রতিভাস (ডাকসু সাহিত্য পত্রিকা, সংখ্যা ০৩)
- গেস্টরুম-গণরুম বইয়ের ব্রেইল সংস্করণ
- রক্তের আখরে ঢাকা বিশ্ববিদ্যালয় (স্মারক গ্রন্থ ২০২৫)

- হাতেখড়ি (লেখালেখি ও নাট্য কর্মশালা স্মারক)
- জুলাই বিপ্লব গল্প সংকলন
- উপন্যাস: রক্তে লেখা জুলাই — জনতার অভ্যুত্থান
- উপন্যাস: শ্রাবণের কান্না
- উপন্যাস: ধূসর কৃষ্ণচূড়া
- উপন্যাস: ব্যারিকেডের ওপারে
- উপন্যাস: রক্তাক্ত কোটায় কৃষ্ণচূড়া
- উপন্যাস: রক্তে ভেজা জুলাই
- উপন্যাস: লস্করহাট

- উপন্যাস: লাল জুলাইয়ের দিনগুলো
- উপন্যাস: ইলিশ ফাইল
- বিজয়ের কথা (ডিসেম্বর প্রকাশনা)
- ডাকসু সায়েন্স রিভিউতে লেখা আহ্বান
- মহানবি (সা.)-এর জীবনী বিষয়ে ম্যাগাজিন 'মহানবি'
- 'রক্তিম রেনেসাঁ' ম্যাগাজিন
- 'Anthology of July' বই
- অনুষদভিত্তিক সীরাত রচনা প্রতিযোগিতার সংকলন

# বহিরাগত নিয়ন্ত্রিত ক্যাম্পাস

### রেজিস্টার্ড রিকশা ব্যবস্থা

চালকের তালিকা, পোশাক ও ভাড়ার চার্ট তৈরি; ৮টি গেটে ট্রাফিক সহায়তার জন্য ডিএমপির সঙ্গে সমন্বয়। সরকার বদলের পর প্রকল্প স্থগিত।

আটকে আছে

### ভবঘুরে ও আশ্রয়হীনদের পুনর্বাসন

ক্যাম্পাস নিরাপদ করতে সমাজকল্যাণ মন্ত্রী এ জেড এম জাহিদ হোসেনের সঙ্গে বৈঠক।

প্রস্তাব / দাবি

### ভাঙা রাস্তা ও স্পিড ব্রেকার মেরামত

ক্ষতিগ্রস্ত স্থানের তালিকা নিয়ে প্রকৌশল দপ্তরে বৈঠক ও তদারকি; মেরামত সম্পন্ন।

সম্পন্ন

## অন্যান্য কার্যক্রম

- ভবঘুরে ও ভাসমান হকার উচ্ছেদে প্রশাসনকে সহযোগিতা; মাদকসেবীদের প্রশ্রয়দাতাদের বিরুদ্ধে ব্যবস্থার দাবি
- বহিরাগত রিকশা সমস্যায় ডিএমপি কমিশনারের সঙ্গে ২ দফা সাক্ষাৎ
- বিশ্বকাপ প্রদর্শনী ঘিরে নিরাপত্তা নিয়ে প্রক্টরিয়াল বডির সঙ্গে বৈঠক
- কার্জন হল এলাকায় প্রক্টরিয়াল হাব স্থাপনের দাবি
- ফার্মেসি ও নিরাপত্তা নিয়ে ৪ দফা দাবিতে প্রশাসনের সঙ্গে বৈঠক
- সুফিয়া কামাল হলের ঝুঁকিপূর্ণ ফুটওভার ব্রিজ ও একটি যাত্রীছাউনি অপসারণ, অন্যটি সংস্কার

# শারীরিক শিক্ষাকেন্দ্রের আধুনিকায়ন ও ক্রীড়া আয়োজন

### ছাত্রীদের পৃথক জিমনেসিয়াম

৬৫ লক্ষ টাকায় স্থাপন; এখনো চালু করতে দেওয়া হয়নি।

আটকে আছে

### বিসিবির ২ কোটি টাকার চেক

শারীরিক শিক্ষা কেন্দ্র ও ক্রিকেট মাঠ সংস্কারে প্রশাসনকে হস্তান্তর।

সম্পন্ন

### আইলেট ও বিভিন্ন হলে জিমনেসিয়াম

নতুন জিমনেসিয়ামের উদ্বোধন।

সম্পন্ন

### জুলাই রান সিজন ২

দুই সহস্রাধিক রানারের অংশগ্রহণ।

সম্পন্ন

### আন্তঃহল ফুটবল ফাইনাল

চ্যাম্পিয়ন জগন্নাথ হল; ছাত্রীদের মধ্যে শামসুন নাহার হল।

সম্পন্ন

### Run For July

মর্নিং রাইডার্সের সঙ্গে যৌথ আয়োজন।

সম্পন্ন

### ইনডোরে জিম সরঞ্জাম

২ লক্ষ টাকার সরঞ্জাম ও নিরাপত্তায় ৬টি সিসি ক্যামেরা।

সম্পন্ন

## আরও ৪৫+টি

টুর্নামেন্ট, প্রশিক্ষণ ও সংস্কারকাজ।

# শারীরিক শিক্ষাকেন্দ্রের আধুনিকায়ন ও ক্রীড়া আয়োজন

- বিকেএসপি পরিদর্শন ও মতবিনিময়
- আন্তঃবিভাগ ফুটবলে 'ম্যান অব দ্য ম্যাচ' পুরস্কার
- জিমে নতুন যন্ত্র ও লাইট সংযোজন
- রোপ ক্লাইম্বিং রোপ ও রিং সংযোজন
- সিটি করপোরেশনের মাধ্যমে ড্রেনেজ উন্নয়ন
- বিশুদ্ধ পানির ফিল্টার স্থাপন
- নামাজের জায়গা সংস্কার
- টিএসসি গেমস রুমে আর্ম রেসলিং টেবিল

- পরিত্যক্ত সুইমিং পুলকে মাঠে রূপান্তরে পরিদর্শন
- নিয়মিত মশক নিধন ও পরিচ্ছন্নতা
- ৭ দিনের উশু ও সেলফ ডিফেন্স প্রশিক্ষণ
- পিকেএসপি পরিদর্শন ও মতবিনিময়
- আইলেটে ৭ দিনের সেলফ ডিফেন্স প্রশিক্ষণ
- ৭ দিনের রমজান সেলফ ডিফেন্স প্রশিক্ষণ
- বাংলাদেশ-চায়না ফুটবল ম্যাচ দেখতে ছাত্রীদের বাস
- আন্তঃবিশ্ববিদ্যালয় হকি চ্যাম্পিয়ন দলকে প্রণোদনা ও জার্সি

- চ্যালেঞ্জার্স কাপজয়ী জাতীয় হকি দলকে সংবর্ধনা
- শ্রমিক দিবসে জাহাঙ্গীরনগরে সাইকেল রাইড
- আন্তঃবিভাগ ক্রিকেট ২০২৫-২৬-এ ক্রেস্ট প্রদান
- বাস্কেটবল ও অ্যাথলেটিক্স দলের বাস বরাদ্দে সহযোগিতা
- জুলাই শহীদ স্মৃতি আন্তঃহল ব্যাডমিন্টন-২০২৬
- প্রথম আলো-ইস্পাহানি ফুটবলে দলের ট্র্যাকস্যুট ও যাতায়াত স্পন্সর
- বিএনসিসি, রোভার ও রেঞ্জার্সকে ক্রীড়াসামগ্রী

# শারীরিক শিক্ষাকেন্দ্রের আধুনিকায়ন ও ক্রীড়া আয়োজন

- শহীদ ওসমান হাদি স্মৃতি শর্টপিচ ক্রিকেট
- ৯০ জন শিক্ষার্থীর দাবা সেমিনার ও প্রশিক্ষণ
- ক্রীড়াবিদদের ইফতার ও সম্মেলন
- ৪০০ রানারের Hypertension Awareness Run
- জলাবদ্ধ কেন্দ্রীয় মাঠে প্রতীকী মাছ অবমুক্ত করে প্রতিবাদ
- ছাত্রী জিম উদ্বোধন ও মাঠ সংস্কারের দাবিতে প্রোভিসির সঙ্গে বৈঠক
- সূর্য সেন হলে Health & Fitness Session
- আন্তঃহল হ্যান্ডবলে সহযোগিতা
- মাঠ সংস্কারের ২ কোটি টাকার কাজের ডিজিটাল সার্ভে সম্পন্ন
- বাস্কেটবল কোয়ার্টার ফাইনাল থেকে ক্রেস্ট (আসন্ন)
- বড় পর্দায় বিশ্বকাপ, এশিয়া কাপ, বাংলাদেশ-ভারত ম্যাচ ও এল ক্লাসিকো
- আন্তঃবিশ্ববিদ্যালয় হ্যান্ডবল ও কাবাডিতে বাসের ব্যবস্থা
- ই-স্পোর্টস কমিউনিটি গঠন
- আন্তঃবিভাগ ফুটবল ও ক্রিকেট ফাইনালের লাইভ টেলিকাস্ট
- হলের বার্ষিক ক্রীড়ায় ১৮ হলে ৬৬৬ জনকে ডায়েট প্ল্যান
- আন্তঃবিভাগ ক্রিকেটে ম্যান অব দ্য ম্যাচ ক্রেস্ট
- গ্যালারিতে ৩টি সিসি ক্যামেরা স্থাপন
- প্রথম নাসরিন ইসলাম দীনা স্মৃতি আন্তঃহল বাস্কেটবল (ছাত্রী), ১৭ সেপ্টেম্বর
- আন্তঃবাস শর্টপিচ ক্রিকেটের প্রস্তুতি চলমান
- কবি আল মাহমুদ স্মৃতি ক্রিকেট টুর্নামেন্ট
- Self-Defense, Fitness & Diet সেমিনার
- ডাকসুর উদ্যোগে আন্তঃহল ফুটবলের পুরস্কার বিতরণী

# স্বাস্থ্যসম্মত খাদ্য নিশ্চিতকরণ এবং ক্যাফেটেরিয়া ও ক্যান্টিনের মান বৃদ্ধির প্রচেষ্টা

### টিসিবির স্বল্পমূল্যের পণ্য

খাদ্য মন্ত্রণালয় ও টিসিবির সঙ্গে উদ্যোগ; নির্বাচনের পর অসহযোগিতায় বাধাগ্রস্ত।

আটকে আছে

### ৪০০ চেয়ার ও ১০০ টেবিল

কলাভবন ও টিএসসি ক্যাফেটেরিয়ার জন্য প্রায় ২৮ লক্ষ টাকার টেন্ডার।

চলমান

### বিজ্ঞান এলাকায় ক্যান্টিন

ক্যান্টিন সম্প্রসারণ ও নতুন বিজ্ঞান ভবনে ক্যাফেটেরিয়ার তিন দফা প্রস্তাব।

প্রস্তাব / দাবি

### কাজী মোতাহার হোসেন ভবনে ক্যান্টিন

৮ মাসেও পদক্ষেপ না হওয়ায় স্পন্সর জোগাড়; স্পেস কমিটির অনুমোদনের পর টেন্ডার চলছে।

চলমান

### কার্জনে ২২ তলা ভবনের ক্যান্টিন

টেন্ডার সম্পন্ন; শিগগিরই চালুর আশ্বাস দিয়েছে প্রশাসন।

বাস্তবায়নের অপেক্ষায়

### টিএসসিতে নিয়মিত খাবার

সাদা ভাত, গোশত, সবজি ও ডাল চালু হয়েছে।

সম্পন্ন

# স্বাস্থ্যসম্মত খাদ্য নিশ্চিতকরণ এবং ক্যাফেটেরিয়া ও ক্যান্টিনের মান বৃদ্ধির প্রচেষ্টা

- টিএসসি ও কলাভবন ক্যাফেটেরিয়ায় অস্বাস্থ্যকর খাবারের অভিযোগে স্মারকলিপি ও প্রায় ছয় দফা পরিদর্শন
- ফুড সেফটি কমিটি গঠনে ভিসির নীতিগত সম্মতি
- টিএসসি ও ডাকসু ক্যাফেটেরিয়া এবং চারটি কমনরুমে আধুনিক ফিল্টার
- ভোক্তা অধিকার বিষয়ক শিক্ষার্থী সংগঠনের সঙ্গে যৌথ উদ্যোগ
- সূর্য সেন হল ও লেদার ইনস্টিটিউটের ক্যান্টিন পরিদর্শন
- কাজী মোতাহার হোসেন ভবনে ক্যান্টিনের স্থান নিয়ে আইন অনুষদের ডিনের সঙ্গে বৈঠক
- ক্যান্টিনের খাবারের মান নিয়ে প্রশাসনের সঙ্গে মতবিনিময়
- মোকাররম ভবন ক্যান্টিনের স্থান, বাজেট ও ডিজাইন সম্পন্ন; অর্থের জন্য ইউজিসিতে আবেদন
- সামাজিক বিজ্ঞান অনুষদ ভবনে ক্যান্টিনের আবেদন

# পরিবেশ ও প্রতিবেশের সংরক্ষণ এবং শব্দদূষণ নিয়ন্ত্রণের মাধ্যমে গ্রিন ক্যাম্পাস

## ২০টি

### টিএসসি এলাকায় ডাস্টবিন

সিটি করপোরেশনের মাধ্যমে স্থাপনে সমন্বয়।

সম্পন্ন



প্রথম Pet Carnival

সম্পন্ন

### ছুটিতে হলের বিড়ালদের খাবার

ছুটির সময় অনাহারে থাকা বিড়ালদের জন্য হলে হলে খাবার পৌঁছে দেওয়া।

সম্পন্ন

অন্যান্য কার্যক্রম

- সমগ্র ক্যাম্পাসে পরিচ্ছন্নতা অভিযান
- দুই দফা হলভিত্তিক পরিচ্ছন্নতা কর্মসূচি
- COP-৩০ উপলক্ষে ঢাবি থেকে জাবি সাইকেল র‍্যালি
- DURC-র সঙ্গে শব্দদূষণবিরোধী ১০ কি.মি. রান
- সাউন্ডবক্স নিয়ন্ত্রণে প্রজ্ঞাপন

# শিখন পদ্ধতির মূল্যায়ন

## শিক্ষক মূল্যায়ন পদ্ধতি

এসএমটি ও একাডেমিক কাউন্সিলে পাশ, সিন্ডিকেটে উত্থাপিত। নিয়মিত দাবির পরও প্রশাসনের গড়িমসিতে এখনো বাস্তবায়ন হয়নি।

আটকে আছে




## DU Teachers' Evaluation সাইট

প্রশাসনের অপেক্ষা না করে শিক্ষার্থীদের স্বার্থে ডাকসুর নিজস্ব উদ্যোগে সাইট চালু।

সম্পন্ন

## টিচিং অ্যাসিস্ট্যান্টশিপ

ডিনস মিটিংয়ে নীতিগত সিদ্ধান্ত; নীতিমালার জন্য কমিটি গঠন; ডাকসুর প্রস্তাবনা জমা।

বাস্তবায়নের অপেক্ষায়

### অন্যান্য কার্যক্রম

- বিজনেস ফ্যাকাল্টিতে ই-লাইব্রেরি চালুর প্রস্তাব ও ধারাবাহিক বৈঠক
- শিখন মূল্যায়ন প্রস্তাবের অগ্রগতি জানতে প্রো-ভিসি (শিক্ষা)-র সঙ্গে বৈঠক

# রেজিস্ট্রার বিল্ডিংয়ের সেবা সহজীকরণ

## এক বছরে যেসব সেবা অনলাইনে এসেছে

রেজিস্ট্রার ভবনের শিক্ষার্থী পোর্টাল

সম্পন্ন

- পরীক্ষার ফরম পূরণ
- ফলাফল
- অফিসিয়াল ট্রান্সক্রিপ্ট
- ডিগ্রি সার্টিফিকেট
- একাডেমিক মার্কশিট
- ডকুমেন্ট সত্যায়ন
- ইমেইল ডেলিভারি
- একাডেমিক তথ্য সংশোধন
- ফলাফল পুনর্মূল্যায়ন
- ডুপ্লিকেট অ্যাডমিট
- বিবিধ ফি পরিশোধ

## ৫০ → ৪০ ডলার

### ভেরিফিকেশন ফি কমেছে

ক্যারিয়ার ডেভেলপমেন্ট সম্পাদকের আবেদনে কমিটি ২০ ডলার সুপারিশ করে; ট্রেজারার অফিসের মতে সিন্ডিকেট ৪০ ডলার নির্ধারণ করে।

সম্পন্ন

### ONE DU APP

হল, বিভাগ ও প্রশাসনের সব কাজ এক অ্যাপে — প্রস্তাব সর্বসম্মতিক্রমে গৃহীত, ভিসির আশ্বাস।

বাস্তবায়নের অপেক্ষায়

### হল পোর্টাল অনলাইনে

মার্কশিট ও সার্টিফিকেট আবেদন, পরীক্ষার ফরম পূরণ ও ফলাফল।

সম্পন্ন

### ড্যাশবোর্ডে পাসওয়ার্ড

আইসিটি ডিরেক্টরের মাধ্যমে; একজনের ফলাফল অন্য কেউ দেখতে পারবে না।

সম্পন্ন

# রেজিস্ট্রার বিল্ডিংয়ের সেবা সহজীকরণ

- পেপারলেস রেজিস্ট্রার ভবনের জন্য অ্যাপের কার্যক্ষমতা বাড়ানোর প্রস্তাব
- প্রস্তাব বাস্তবায়নে প্রশাসনের গাফিলতির প্রতিবাদে রেজিস্ট্রার ভবন ঘেরাও
- প্রাইমারি স্কুলের ভাইভা জটিলতায় একদিনে প্রায় ৩০০ শিক্ষার্থীর সার্টিফিকেট তোলায় সহায়তা
- পরীক্ষা নিয়ন্ত্রক অফিস পোর্টালে ডকুমেন্ট প্রস্তুত, আবেদন, ভেরিফিকেশন ও সত্যায়ন অনলাইনে
- হিসাব শাখা পোর্টালে সার্টিফিকেট, মার্কশিট, থিসিস ও নন-কলেজিয়েট ফি পরিশোধ অনলাইনে

# নিষিদ্ধ ছাত্রলীগ নেতাকর্মী ও ফ্যাসিবাদের দোসর শিক্ষকদের বিচার নিশ্চিত




## আজীবন সদস্যপদের রেজুলেশন বাতিল

ডাকসুর দ্বিতীয় কার্যনির্বাহী সভায় শেখ হাসিনার আজীবন সদস্যপদের এখতিয়ারবহির্ভূত রেজুলেশন বাতিল।

সম্পন্ন




## আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালে সাক্ষ্য

তৎকালীন উপাচার্যসহ প্রশাসনের বিরুদ্ধে ডাকসু ভিপি, ছাত্র পরিবহন সম্পাদক এবং সাহিত্য ও সাংস্কৃতিক সম্পাদকের সাক্ষ্য।

সম্পন্ন



জরুরি বিজ্ঞপ্তি

কারণ দর্শাও নোটিশ

ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে ২০২৪ সালের ১৫ জুলাই থেকে ০৫ আগস্ট পর্যন্ত সংঘটিত বেআইনী ও সহিংস ঘটনায় জড়িতদের চিহ্নিত করে প্রশাসনিক ব্যবস্থার আওতায় নিয়ে আসার জন্য তথ্যানুসন্ধান কমিটি গঠন করা হয়। কমিটি ১২৮ জন শিক্ষার্থীকে অভিযুক্ত করে রিপোর্ট প্রদান করেন এবং গত ১৭-০৩-২০২৫ তারিখ, সিন্ডিকেট সভায় বিস্তারিত আলোচনা শেষে উক্ত শিক্ষার্থীদের বিশ্ববিদ্যালয় থেকে সাময়িকভাবে বহিষ্কার করা হয়। পরবর্তীতে ক্যাম্পাসে সংঘটিত বেআইনী ও সহিংস ঘটনার অধিকতর তদন্তের জন্য সিন্ডিকেট কর্তৃক ০৫ (পাঁচ) সদস্য বিশিষ্ট একটি তদন্ত কমিটি গঠন করা হয়। ঐ তদন্ত কমিটি দ্বিতীয় সভায় ১২৮ জনসহ সর্বমোট ৪০৩ জন শিক্ষার্থীর সংশ্লিষ্টতা পাওয়া যায়। কৃত অপরাধের জন্য ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে কেন স্থায়ীভাবে বহিষ্কার করা হবে না-তার কারণ দর্শিয়ে লিখিত জবাব বিজ্ঞপ্তি প্রকাশের ৭ (সাত)

## প্রায় ৪০০ জন

## বহিষ্কারের প্রজ্ঞাপন

১৭ জুলাই হামলায় জড়িত নিষিদ্ধ ছাত্রলীগের নেতাকর্মী; ব্যানার টাঙানোর ঘটনায় প্রক্টর অফিস ঘেরাও।

সম্পন্ন




## মনুমেন্ট 'আর্তনাদ'

গেস্টরুমে নির্যাতিত শিক্ষার্থীদের স্মরণে ও গেস্টরুম-গণরুমবিরোধী লড়াইয়ের স্মারক হিসেবে স্থাপন।

সম্পন্ন

# নিষিদ্ধ ছাত্রলীগ নেতাকর্মী ও ফ্যাসিবাদের দোসর শিক্ষকদের বিচার নিশ্চিত

- লক্ষ্য: ফ্যাসিবাদী কাঠামো বিলোপ, গেস্টরুম-গণরুম ফেরা রোধ ও হামলাকারীদের বিচার
- দোসর শিক্ষকদের শাস্তি দাবিতে উপাচার্য অফিস ঘেরাও; কয়েকজনের বিরুদ্ধে ব্যবস্থা, বাকিদের তদন্ত চলছে
- দোসর শিক্ষকদের বিরুদ্ধে জিরো টলারেন্স নীতি
- তেজগাঁও কলেজে ছাত্র নিহতের প্রতিবাদ ও নিরাপদ ক্যাম্পাসের দাবি
- গুম-খুন নিয়ে ডকুমেন্টারি প্রদর্শনী (সংস্কৃতি মন্ত্রণালয়ের সহায়তায়)
- হাসিনার ফাঁসির রায় সরাসরি প্রদর্শন, আনন্দ মিছিল ও হলে শোকরানা মাহফিল
- ফ্যাসিবাদের আইকনদের নামের স্থাপনা পরিবর্তনের প্রস্তাব সিন্ডিকেটে পাশ
- সাম্য, তোফাজ্জল ও আবু বকর হত্যার বিচারের অগ্রগতি জানতে প্রশাসন ও মন্ত্রণালয়ে দফায় দফায় চিঠি
- গণরুম-গেস্টরুম কালচার চিরতরে বন্ধ ঘোষণা করেছে প্রশাসন
- ফ্যাসিবাদী আমলের ভুক্তভোগীদের আইনি সহায়তা
- গণরুম-গেস্টরুমের স্মৃতি সংরক্ষণের উদ্যোগ
- গেস্টরুম-গণরুম ও নির্যাতন নিয়ে স্মৃতি লিখন প্রতিযোগিতা
- ছাত্রলীগ নেতাকর্মীদের বিচার দাবিতে স্মারকলিপি
- নিষিদ্ধ ছাত্রলীগের পোস্টার ও প্রশাসনের গাফিলতির প্রতিবাদে কর্মসূচি
- শহীদ আবু বকরের ১৭তম শাহাদতবার্ষিকীতে দোয়া ও সচেতনতা কর্মসূচি
- ডাকসুর গবেষণা সম্পাদককে নিয়ে বিভ্রান্তিকর তথ্যের প্রতিবাদে বিবৃতি
- ১৫ জুলাই হামলাকারীদের বিচার দাবিতে 'নমরুদনামা' ব্যানার ক্যাম্পেইন
- চার দফা দাবির অগ্রগতি জানতে প্রোভিসি (প্রশাসন)-র সঙ্গে বৈঠক
- ১৭ জুলাই ক্যাম্পাস নির্যাতন প্রতিরোধ দিবসের আলোচনা সভা

# কেন্দ্রীয় লাইব্রেরি সম্প্রসারণ ও লাইব্রেরিসমূহে সুযোগ-সুবিধা বৃদ্ধি

**১৪টি**

### আন্তর্জাতিক প্রকাশনা প্রতিষ্ঠান

ই-বুকসের জন্য ইলেকট্রনিক বই সংগ্রহ।

সম্পন্ন

**৭টি**

### প্রসিদ্ধ জার্নাল

ফ্রি অ্যাক্সেসের ব্যবস্থা।

সম্পন্ন

**২৯টি**

### ই-রিসোর্স

ঢাকা বিশ্ববিদ্যালয় গ্রন্থাগারে সাবস্ক্রাইবের ব্যবস্থা।

সম্পন্ন

## অন্যান্য কার্যক্রম

- কেন্দ্রীয় লাইব্রেরিতে আলোর স্বল্পতা দূর করতে লাইটিং সংস্কার
- বিজ্ঞান লাইব্রেরিতে নতুন ফ্যান
- বিজ্ঞান লাইব্রেরিতে চার্জিং পয়েন্ট (কাজ চলমান)
- হলের পাঠকক্ষ সংস্কারে ধারাবাহিক কাজ চলমান
- কেন্দ্রীয় লাইব্রেরিতে পরীক্ষার হল বরাদ্দ প্রথা বাতিল
- লাইব্রেরির এসি ও ওয়াশরুম সংস্কার তদারকি
- কেন্দ্রীয় মসজিদে ৩০০ বই নিয়ে পাঠাগার
- লাইব্রেরি, কমনরুম, টিএসসি ও এনেক্সের সমস্যা নিয়ে প্রোভিসির সঙ্গে বৈঠক

# অ্যালামনাই নেটওয়ার্ক শক্তিশালীকরণ

## বিভিন্ন সেবামূলক উদ্যোগে অ্যালামনাইদের যুক্ত করা হয়েছে।

সামগ্রিক নেটওয়ার্ক আরও শক্তিশালী করতে যোগাযোগ চলমান রয়েছে।

চলমান

# ধর্মীয় উপাসনালয়সমূহ সংস্কার



## পৌনে ৩ কোটি টাকা

### কেন্দ্রীয় মসজিদের আমূল সংস্কার

এয়ারকন্ডিশনসহ পুরো সংস্কারকাজ সম্পন্ন হয়েছে।

সম্পন্ন

### মন্দির ও অন্যান্য উপাসনালয় সংস্কার

ধর্ম মন্ত্রণালয়ের তৎকালীন উপদেষ্টার সঙ্গে বৈঠক; বাজেট অনুমোদিত।

বাস্তবায়নের অপেক্ষায়

## হলপ্রতি ১ লক্ষ টাকা

### দুর্গাপূজায় অনুদান

জগন্নাথ, সুফিয়া কামাল, রোকেয়া, শামসুন নাহার, কুয়েত মৈত্রী ও বঙ্গমাতা হলের জন্য ধর্ম মন্ত্রণালয় থেকে অনুদান।

সম্পন্ন

### মসজিদের প্রবেশদ্বারে জমে থাকা পানি

বৃষ্টির পানি সরানো ও স্থায়ী সমাধানে পদক্ষেপ।

চলমান

# ধর্মীয় উপাসনালয়সমূহ সংস্কার

- মুসা খাঁ মসজিদে মেয়েদের নামাজের স্থান সংস্কার
- কেন্দ্রীয় মসজিদে মহিলাদের নামাজের অংশে কাঠামোগত সংস্কার
- কমনরুম ও টিএসসির নামাজের স্থানে নতুন কার্পেট
